গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর।

## বাংলা ১৪৩০-১৪৩২ সনের ২০ (একর) পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিরামপুর উপজেলাধীন বদ্ধ জলাশয়/জলমহাল/পুকুর (২০ একর পর্যন্ত) বাংলা ১৪৩০-১৪৩২ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের জন্য নির্ধারিত শর্ত সাপেক্ষে ১৮ ডিসেম্বর ২০২২ খ্রি. (৩ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ) ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১)-৪৮ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপন অনুযায়ী আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/ সমিতি এর নিকট হতে (www.land.gov.bd) অথবা jm.lams.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে অনলাইনে(online) এ আবেদন পূরণপূর্বক আবেদনের মূল কপিসহ সীল মোহরকৃত ইজারার আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইনে (online) আবেদন দাখিল ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর এর অনুকূলে ৫০০/- (পাঁচশত টাকা) মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা প্রদানপূর্বক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুর এ অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে নিম্নলিখিত নির্ধারিত সময়সূচি মোতাবেক আবেদন দাখিল করা যাবে।

ক্যালেন্ডার/সময়সূচিঃ

| অনলাইনে (online) দরপত্র আবেদনের তারিখ ও সময় | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে দাখিলের স্থান, তারিখ ও সময় |
|---|---|
| ২০/০১/২০২৩ খ্রি. (০৬ মাঘ) হতে ০৮/০২/২০২৩ খ্রি. (২৫ মাঘ) পর্যন্ত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুর।<br>১৩/০২/২০২৩ খ্রি. (৩০ মাঘ)<br>(সকাল ১০ ঘটিকা হতে দুপুর ০১ ঘটিকা পর্যন্ত) |

ছক -১ : বন্দোবস্তযোগ্য জলমহালের তালিকা

| ক্র: নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | খং নং | দাগ নং | পরিমান (একরে) | ১৪৩০-১৪৩২ সনের জন্য সম্ভাব্য মূল্য তালিকা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | দিওড় | বড় বাইলিশিরা | ১ | ৪৬৩ | ০.১৬ | ১,২০০/- |
| ০২ | ঐ | বড় গোপালপুর | ১ | ২৩০ | ০.৭৫ | ৩০,৫০০/- |
| ০৩ | ঐ | বড় গোপালপুর | ১ | ১১১ | ০.৮০ | ৩০,১৭৫/- |
| ০৪ | ঐ | বড় গোপালপুর | ১ | ২৮৭ | ০.৬০ | ৭,১০০/- |
| ০৫ | ঐ | দেবরপাড়া | ১ | ২৮০ | ১.৭২ | ১,৬১,০০০/- |
| ০৬ | ঐ | বিজুল | ১ | ২৪৭৯ | ০.১৫ | ১,২০০/- |
| ০৭ | ঐ | বিজুল | ১ | ২৩৮৬ | ০.৩০ | ২,২০৫/- |
| ০৮ | ঐ | বাঁশবাড়িয়া | ১ | ৮১ | ০.২২ | ৮,৪২০/- |
| ০৯ | ঐ | উত্তর কাদিপুর | ১ | ১৪৬ | ০.৭৭ | ৫০,২০০/- |
| ১০ | ঐ | দুধিয়াগাছি | ১ | ৬৬০ | ০.৫৪ | ২৫,৫০০/- |
| ১১ | খানপুর | প্রয়াগপুর | ১ | ১২৯৪ | ০.৬০ | ৫৭,৭৫০/- |
| ১২ | পলিপ্রয়াগপুর | সাগরপুর | ১ | ২২ | ১.৩৫ | ৪৪,৭০০/- |
| ১৩ | ঐ | পূর্বজগন্নাথপুর | ১ | ১৪৪১ | ২.৭৭ | ১,৬৮,০০০/- |
| ১৪ | জোতবানী | কসবা সাগরপুর | ১ | ৫৪৯ | ১২.৩৮ | ১০,৫০,০০০/- |
| ১৫ | ঐ | তপশী | ১ | ২৪৩/২৮৩ | ০.২৬ | ২,৭০০/- |
| ১৬ | ঐ | তপশী | ১ | ১৬৩ | ১.৯৮ | ১,৮৫,৮৫০/- |
| ১৭ | ঐ | শিলাইবাড়ি | ১ | ১৩০ | ০.৮৪ | ৫৬,০০০/- |
| ১৮ | ঐ | শিলাইবাড়ি | ১ | ২৩৪ | ০.৯১ | ৫২,৬৫০/- |
| ১৯ | ঐ | কচুয়ামির্জাপুর | ১ | ১৩০ | ১.৩৯ | ১,২৫,০০০/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২০ | জোতবানী | লোহারিয়া | ১ | ২২ | ০.১৩ | ১,১০০/- |
| ২১ | কাটলা | খিয়ার মামুদপুর | ১ | ৩৯২ | ০.৪১ | ২৫,৫০০/- |
| ২২ | কাটলা | দামোদরপুর | ১ | ১১১ | ০.৩০ | ১,৫০০/- |
| ২৩ | বিনাইল | তিতখর | ১ | ২৯৮ | ০.৩১ | ২,১০০/- |
| ২৪ | ঐ | তিতখর | ১ | ৩২২ | ০.৬৫ | ৮,০০০/- |
| ২৫ | ঐ | তিতখর | ১ | ২৬২ | ০.৩৪ | ১৩,১২৫/- |
| ২৬ | ঐ | তিতখর | ১ | ২০৫ | ১.৫৪ | ৫৫,৬৫০/- |
| ২৭ | ঐ | তিতখর | ১ | ১২০ | ১.২২ | ৪২,০০০/- |
| ২৮ | ঐ | তিতখর | ১ | ১৩০ | ১.৪১ | ১৯,২৫০/- |
| ২৯ | ঐ | তিতখর | ১ | ১৬০ | ০.৭৬ | ৭,২০০/- |
| ৩০ | ঐ | তিতখর | ১ | ১৭৩ | ১.০৩ | ৩৫,৭০০/- |
| ৩১ | ঐ | তিতখর | ১ | ৩১৬ | ০.৬০ | ১০,৫০০/- |
| ৩২ | ঐ | তিতখর | ১ | ৪১৪ | ২.৯০ | ৪,০৫,৫০০/- |
| ৩৩ | ঐ | তিতখর | ১ | ৪২৫ | ০.৯৩ | ৩৯,৪৫০/- |
| ৩৪ | ঐ | তিতখর | ১ | ৪২০ | ১.১৩ | ৩৯,২৭০/- |
| ৩৫ | ঐ | কল্যাণপুর | ১ | ১৩৫৪ | ০.২৬ | ১,২০০/- |
| ৩৬ | ঐ | কৃষ্ণবাটি | ১ | ১৭৪ | ০.৪৫ | ২১,০০০/- |
| ৩৭ | ঐ | কৃষ্ণবাটি | ১ | ১৮৫ | ০.০৮ | ৭০০/- |
| ৩৮ | ঐ | কৃষ্ণবাটি | ১ | ২৭৩ | ২.১৯ | ১,৩৬,০০০/- |
| ৩৯ | ঐ | কৃষ্ণবাটি | ১ | ৩৬৮ | ০.৭৯ | ৩০,৫০০/- |
| ৪০ | ঐ | কৃষ্ণবাটি | ১ | ২৭২ | ০.৭৮ | ৯,২০০/- |
| ৪১ | ঐ | বাকুন্ড | ১ | ৫৭৫ | ০.৮১ | ২৯,৭০০/- |
| ৪২ | ঐ | বাকুন্ডা | ১ | ৫৬০ | ০.৯১ | ৪৯,৮০০/- |

**বন্দোবস্ত/ ইজারার শর্তাবলি:**

১। **সকল সরকারি বদ্ধ খাস জলমহাল ১৪৩০-১৪৩২ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বছর পর্যন্ত ইজারা প্রদান করা হবে। সরকারি মূল্যের চেয়ে কম মূল্যে ইজারা দেয়া হবে না।**

২। জলমহালসমূহের ইজারা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/ সমিতির মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে কোন মৎস্যজীবি সংগঠন/ সমবায় সমিতি এর নিকট হতে কোন পুকুর/জলমহালের ইজারা/বন্দোবস্তের আবেদন পাওয়া না গেলে সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপাশের নিকটবর্তী অবস্থানে বসবাসরত ক) বেকার যুবক; খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধান সন্তান; গ) যুব মহিলা; ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা; ঙ) আনসার,ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য; চ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তি ইত্যাদির সমন্বয়ে গঠিত এবং সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয়অফিসে নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল/পুকুর ৩(তিন) বছর মেয়াদে ইজারা দেয়া যাবে। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি বাদেযেসকল নিবন্ধনকৃত সমিতি দরপত্র জমা দিবেন, সেসকল সমিতিকে পুকুর ইজারা দেওয়া, জলমহাল ইজারা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত।

৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী সংশ্লিষ্ট জলমহালের তীরবর্তী/ নিকটবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/ সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৪। আবেদনকারী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ সমিতিকে অবশ্যই সমবায় অধিদপ্তর হতে নিবন্ধন প্রাপ্ত হতে হবে।



CamScanner

৫। আবেদনকারী সমিতিকে অবশ্যই আবেদনের সহিত বিগত ২ (দুই) বৎসরের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন সংযুক্ত করতে হবে। তবে নতুন নিবন্ধিত সমিতির ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

৬। আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করবে।

৭। আবেদনপত্রের সাথে সংগঠন/ সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ০১ (এক) কপি ছবি সংযোজন করতে হবে।

৮। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতি ৩ (তিন) বছর মেয়াদী লিজ পাওয়ার লক্ষ্যে আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/ রূপরেখা সংযুক্ত করবেন।

৯। প্রতিটি দরপত্র খামের উপর জলমহালের নাম, বিবরণ ও মৎস্যজীবী সমিতি/সংগঠনের নাম, ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বেনামে/ভুয়া/তঞ্চকতাপূর্ণভাবে সমিতি/সংগঠনের নাম ব্যবহার করে দরপত্র দাখিল করা হলে অথবা তথ্য গোপন করা হলে উক্ত সমিতির বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং আবেদন অসম্পূর্ণ থাকলে তা সরাসরি বাতিলযোগ্য হবে।

১০। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে।

১১। আবেদনের সঙ্গে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর এর অনুকূলে উদ্ধৃত মূল্যের ২০% হারে সোনালী ব্যাংক লিমিটেড হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসাবে জমা প্রদান করতে হবে।ইজারা প্রাপ্ত হয়নি এমন সমিতিকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১২। দরপত্রের সাথে সংযুক্ত প্রয়োজনীয় সনদপত্রের ফটোকপি, সনদ প্রদানকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

১৩। দরপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত পুকুরের ইজারা গ্রহীতাদের ইজারার মূল্য সমুদয় অর্থ সরকারি জলমহাল ইজারার জমার খাত ১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে, ইজারা মূল্যের আয়কর বাবদ ১০% অর্থ ১-১১৪১-০০৬৫-০১১১ নং কোডে এবং ভ্যাট বাবদ ১৫% অর্থ ১-১১৩৩-০০৪৫-০৩১১ নং কোডে পত্রে উল্লেখিত সময়ের মধ্যে জমা দিয়ে চালানের মূলকপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট, আয়করসহ ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করে পুনঃইজারা প্রদান করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১৪। ইজারার অর্থ আদায়ের পর প্রস্তাবিত ইজারার মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারাদাতাকে নিজ উদ্যোগে নির্ধারিত ফরমে ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল অনুযায়ী ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় জলমহালের দখল হস্তান্তর করা হবে না।

১৫। জলমহাল সরেজমিন পরিদর্শন করে জলমহাল সম্পর্কে বিভিন্ন তথ্য জেনে নিশ্চিত হয়ে দরপত্র জমা দিতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

১৬। ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাস-বৃদ্ধি করতে পারবেন না। মৎস্য সংক্রান্ত আইন ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

১৭। ইজারা গ্রহীতা কোন জলাশয় সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেন না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি উপরিউক্ত কার্যকলাপ পরিলক্ষিত বা প্রমাণিত হয়, তাহলে ইজারা বাতিল করে জলাশয় পুনঃইজারা প্রদান করা হবে। এক্ষেত্রে ইজারা গ্রহীতা/সমিতি ০৩ (তিন) বছরের মধ্যে অপর কোন জলমহাল ইজারার আবেদন করতে পারবেন না।

১৮। ইজারা গ্রহীতা জলাশয়ের সীমারেখা বজায় রাখবেন। জলাশয়ের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেনা না বরং নতুনভাবে বৃক্ষরোপনের উদ্যোগ নিবেন।

১৯। ইজারা গ্রহীতা জলাশয়ের পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবেন না।

২০। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ সমিতি/ সংগঠন দু'টির অধিক জলমহাল বন্দোবস্ত/ ইজারা পাবে না।

২১। ইজারাকালীন সময়ে সরকার কর্তৃক নতুন কোন কর আরোপ করা হলে, ইজারা গ্রহীতা তা বিধি মোতাবেক পরিশোধ করতে বাধ্য থাকবেন।

২২। বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না, উক্ত জলাশয়ে অতিথি পাখি শিকার করা যাবে না এবং কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।

২৩। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহলের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের নিকট ন্যস্ত হবে।



CamScanner

২৪। যে কোন আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৫। এ ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এরূপ কোন বিষয়ে কোন সমস্যা দেখা দিলে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং প্রচলিত অন্যান্য বিধি-বিধান মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হবে।

স্বাক্ষরিত/-
(পরিমল কুমার সরকার)
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বিরামপুর, দিনাজপুর।

স্মারক নং- ৩১.০২.২৭১০.০০০.১৯.০০১.২৩- ৮৩ তারিখঃ ১৭ /০১/২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-০৬ ।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর ।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর ।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৫। মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর।
০৭। উপজেলা ..................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
০৮। অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর। তাকে নিলাম ডাক অনুষ্ঠানে ধার্য তারিখে নির্ধারিত সময়ে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগপূর্বক আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
০৯। চেয়ারম্যান, ........................................................ ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................................................ (সকল) ইউনিয়ন ভূমি অফিস, বিরামপুর, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তি তার আওতাধীন সকল হাট/বাজারে ঢোল সহরতের মাধ্যমে প্রচারান্তে প্রতিবেদন নির্ধারিত তারিখের পূর্বেই অত্রাফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
১১। সভাপতি/সম্পাদক, ..................................................... দিনাজপুর। উক্ত বিজ্ঞপ্তি আগামী ০২ (দুই) দিনের মধ্যে ০১ (এক) দিনের পত্রিকার ভিতরের পাতায় সংক্ষিপ্ত আকারে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১২। নাজির, উপজেলা ভূমি অফিস, বিরামপুর, দিনাজপুর তাকে বহুল প্রচারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ডাক চলাকালীন সময়ে উপস্থিত থেকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১৩। এ কার্যালয়ের নোটিশ বোর্ড।
১৪। অফিস কপি।

১৭.১.২৩

(পরিমল কুমার সরকার)
সহকারী কমিশনার (ভূমি)(অ:দা:)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বিরামপুর, দিনাজপুর।



CamScanner